

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিকল্পনা মন্ত্রণালয়  
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ  
কৃষি, পল্লী উন্নয়ন ও গবেষণা সেক্টর  
শের-ই- বাংলা নগর, ঢাকা।  
[www.imed.gov.bd](http://www.imed.gov.bd)

**নিবিড় পরিবীক্ষণের জন্য নির্বাচিত প্রকল্পের বিবরণী ও পরামর্শক প্রতিষ্ঠানের কার্যপরিধি (ToR):**

**ক. প্রকল্পের বিবরণীঃ**

১.	প্রকল্পের নাম	:	সমাজভিত্তিক ও বাণিজ্যিক খামারে দেশী ভেড়ার উন্নয়ন ও সংরক্ষণ (কম্পোনেন্ট: এ+বি) (২য় পর্যায়) প্রকল্প
২.	বাস্তবায়নকারী সংস্থা	:	কম্পোনেন্ট: এ, প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠান কম্পোনেন্ট: বি), প্রাণিসম্পদ অধিদপ্তর
৩.	উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ	:	মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
৪.	প্রকল্পের অবস্থা	:	কম্পোনেন্ট-এ: ৫টি বিভাগের ৭টি জেলার ১২টি উপজেলা কম্পোনেন্ট-বি: সমগ্র বাংলাদেশ।

**৫. অনুমোদিত বাস্তবায়নকাল ও ব্যয় (লক্ষ টাকা) :**

অনুমোদনের পর্যায়	মেয়াদ	অনুমোদিত ব্যয় জিওবি:	হ্রাস/বৃদ্ধি (%)	
			মূল ডিপিপি'র তুলনায়	সর্বশেষ সংশোধিত ডিপিপি'র তুলনায়
মূল অনুমোদন ০৪/০৯/২০১২	জুলাই, ২০১২ হতে জুন, ২০১৭	কম্পোনেন্ট: এ : ১৪৬৭.১৪ কম্পোনেন্ট: বি: ২৮৭৩.৮৬	-	-
১ম সংশোধন ২৬/০৭/২০১৫	জুলাই, ২০১২ হতে জুন, ২০১৮	কম্পোনেন্ট: এ : ১৬১৩.৮৫ কম্পোনেন্ট: বি: ৩১৬১.০০	কম্পোনেন্ট: এ ১৪৬.৭১(১০%) কম্পোনেন্ট: বি: ২৮৭.১৪(১০%) মেয়াদ বৃদ্ধি ১ বছর(২০%)	-
ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি	-	-	-	-

**৬. ক্রমপুঞ্জিত অগ্রগতি জুন ২০১৬ : আর্থিক ১১৪৮.০৯ লক্ষ টাকা (৭১%)।**

৭. প্রকল্পের উদ্দেশ্য :

কম্পোনেন্ট-‘এ’ (গবেষণা):

- ভেড়ার জাত সংরক্ষণ এবং আঞ্চলিক কৃষি পরিবেশ উপযোগী জাত উন্নয়ন;
- আঞ্চলিক সম্ভাবনা নির্ভর সময় ভিত্তিক ভেড়া ও Lamb উৎপাদন পরিকল্পনা তৈরী;
- প্রজনন, খাদ্য, স্বাস্থ্য ও ব্যবস্থাপনা প্রযুক্তি ও প্রশিক্ষণ সেবা; ঋণ সহায়তা এবং বাজারজাত ব্যবস্থার উন্নয়নের মাধ্যমে আঞ্চলিক মডেল ভেড়া কমিউনিটি উন্নয়ন;
- আঞ্চলিক কৃষি পরিবেশ বিবেচনায় ভেড়ার খাদ্য, স্বাস্থ্য ও ব্যবস্থাপনা; Lamb উৎপাদন এবং আর্থ-সামাজিক সমস্যা ভিত্তিক পরিচালনা ও প্রযুক্তি উদ্ভাবন;
- কম্পোনেন্ট-বি এর উন্নয়ন কার্যক্রমে প্রযুক্তি সেবা প্রদান; এবং
- আন্তঃসংস্থা ও আঞ্চলিক সহযোগিতা সৃষ্টির মাধ্যমে মানব সম্পদ ও কারিগরী দক্ষতা উন্নয়ন।

কম্পোনেন্ট-‘বি’ (সম্প্রসারণ):

- ভেড়া পালনে জনগনের সক্রিয় অংশগ্রহন নিশ্চিত করার মাধ্যমে ভেড়ার উৎপাদন বৃদ্ধি করা;
- ভেড়া পালনে খামারীদের সচেতনতা বৃদ্ধি করা ও উদ্যোক্তা তৈরীর প্রচেষ্টা জোরদার করা;
- গবেষণার মাধ্যমে কম্পোনেন্ট-এ হতে প্রাপ্ত প্রযুক্তি প্রশিক্ষণের মাধ্যমে খামারীদের মধ্যে স্থানান্তর করা;
- ভেড়া পালনের মাধ্যমে আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা এবং দারিদ্র্য বিমোচনে সহায়ক ভূমিকা পালন করা;
- ভেড়ার পশম ও মাংসের বাজার সম্প্রসারণ ও জনপ্রিয় করার জন্য প্রশিক্ষণ ও প্রচারের ব্যবস্থা করা;
- ভেড়ার স্বাস্থ্য উন্নয়নের সহায়ক হিসেবে টিকা, কৃমিনাশক ও জরুরী ঔষধ এবং ঘাস সরবরাহের ব্যবস্থা করা; এবং
- ভেড়ার ৩টি ডেমোনস্ট্রেশন খামার স্থাপনের মাধ্যমে প্রাণিসম্পদ অধিদপ্তরের কার্যক্ষমতা বৃদ্ধি করা।

৮. প্রকল্পের প্রধান প্রধান অংগ ও ব্যয়ঃ

		(লক্ষ টাকা)	
অংগের নাম (পরিমাণসহ)	পরিমাণ	অনুমোদিত ব্যয়	
১	২	৩	
<b>কম্পোনেন্টঃ এঃ</b>			
ভেড়া ক্রয় (বিদেশী)	৫০টি	১০০.০০	
গবেষণা ব্যয়	-	৬৭.৮৬	
যানবাহন ক্রয়	১টি পাজেরো জীপ, ১২টি মোটর সাইকেল এবং বাইসাইকেল ১৬টি	১০৫.৮০	
ল্যাব এন্ড ফার্ম ইকুইপমেন্ট	১০০টি	১০০.০০	
পূর্ত কাজ	-	৩২৭.০০	
	<b>মোটঃ</b>	<b>৭০০.৬৬ (৪৩%)</b>	
<b>কম্পোনেন্টঃ বিঃ</b>			
ভেড়ার খামারী প্রশিক্ষণ	৬৫০ ব্যাচ	২০৮.০০	
দরিদ্র খামারীদের সেড নির্মাণ সহায়তা প্রদান	৬ বছর	৪৮.৪১	
দেশীয় ভেড়া ক্রয়	১৭৪০টি	১২৯.৫০	
দানাদার খাদ্য ক্রয়	২২০ মেঃ টন	৯৩.০১	
সবুজ ঘাস ক্রয়	৩৫০ মেঃ টন	৬.৯৯	
প্রশিক্ষকদের সম্মানী ভাতা	১০০৫ ব্যাচ	১৩৬.০০	
ভূমি উন্নয়ন	১৫৬০০ ঘঃ মিঃ	১০৩.৮৩	
পূর্তকাজ		১২৭৫.৯০	
	<b>মোট</b>	<b>১৬৯৭.৯৬(৫৪%)</b>	

**খ. পরামর্শকের কার্যপরিধি (TOR) :**

**৯.০ পরামর্শকের দায়িত্বঃ**

- ৯.১ প্রকল্পের পটভূমি, উদ্দেশ্য, অনুমোদন/সংশোধন, প্রকল্প ব্যয়, বাস্তবায়নকাল, ডিপিপি অনুযায়ী বছরভিত্তিক বরাদ্দ, বরাদ্দ অনুযায়ী ব্যয়সহ প্রাসংগিক সকল তথ্য পর্যবেক্ষণ ও পর্যালোচনা;
- ৯.২ প্রকল্পের এ ও বি পার্টের অংগভিত্তিক বাস্তবায়ন অগ্রগতির বাস্তব ও আর্থিক তথ্য সংগ্রহ, সারণি / লেখচিত্রের মাধ্যমে উপস্থাপন ও বিশ্লেষণ;
- ৯.৩ প্রকল্পের উদ্দেশ্য অর্জনের পথে অগ্রগতি পর্যবেক্ষণ ও পর্যালোচনা এবং ফলপ্রসূ করার জন্য গৃহীত কার্যাবলী প্রকল্পের উদ্দেশ্যের সাথে সামঞ্জস্যপূর্ণ কিনা তা পর্যালোচনা ও মতামত প্রদান;
- ৯.৪ প্রকল্পের আওতায় সম্পাদিত/চলমান বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংগ্রহের (Procurement) ক্ষেত্রে প্রচলিত সংগ্রহ আইন ও বিধিমালা (পিপিআর, উন্নয়ন সহযোগী গাইডলাইন ইত্যাদি) প্রতিপালন করা হয়েছে/হচ্ছে কি না সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- ৯.৫ প্রকল্পের আওতায় সংগৃহীত/ সংগৃহীতব্য পণ্য, কার্য ও সেবা পরিচালনার জন্য প্রয়োজনীয় জনবলসহ আনুষঙ্গিক বিষয়াদি পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- ৯.৬ প্রকল্পের বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন সমস্যাাবলী যেমন: অর্থায়নে বিলম্ব, পণ্য, কার্য ও সেবা ক্রয়/সংগ্রহের ক্ষেত্রে বিলম্ব, প্রকল্প ব্যবস্থাপনার মান এবং প্রকল্পের মেয়াদ ও ব্যয় বৃদ্ধি সহ বিভিন্ন দিক বিশ্লেষণ, পর্যবেক্ষণ ও পর্যালোচনা ;
- ৮.৭ প্রকল্পের আওতায় সম্পাদিত মূল কার্যক্রমসমূহের কার্যকারিতা ও উপযোগিতা বিশ্লেষণ এবং বিশেষ সফলতা (Success Stories, যদি থাকে) বিষয়ে আলোকপাত;
- ৯.৮ উল্লিখিত প্রাপ্ত বিভিন্ন পর্যবেক্ষণের ভিত্তিতে সার্বিক পর্যালোচনা;
- ৯.৯ প্রকল্পের সবলদিক, দুর্বলদিক, সুযোগ ও ঝুঁকি (SWOT) বিশ্লেষণ এবং দুর্বলতা ও চ্যালেঞ্জ মোকাবেলায় যথোপযুক্ত সুপারিশ প্রদান;
- ৯.১০ প্রকল্পের সম্ভাব্য exit plan সম্পর্কে পর্যালোচনা ও মতামত প্রদান;
- ৯.১১ প্রকল্প হতে সুফলভোগীগণ কর্তৃক প্রাপ্ত সুবিধাদি এবং তাদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে প্রকল্পের ভূমিকা পর্যবেক্ষণ ও পর্যালোচনা;
- ৯.১২ প্রকল্পের ১ম পর্যায়ের আওতায় বাস্তবায়িত কার্যক্রম সমূহের বর্তমান অবস্থা পর্যবেক্ষণ ও পর্যালোচনা;
- ৯.১৩ প্রকল্পের ১ম পর্যায়ের মূল্যায়ন প্রতিবেদনে উল্লিখিত সুপারিশ বাস্তবায়ন অগ্রগতি পর্যবেক্ষণ ও পর্যালোচনা;
- ৯.১৪ পর্যবেক্ষণের আলোকে সুপারিশ প্রণয়ন; এবং
- ৯.১৫ ক্রয়কারী সংস্থা (আইএমইডি) কর্তৃক নির্ধারিত প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি।

১০. পরামর্শক প্রতিষ্ঠান ও পরামর্শকের প্রকৃতি ও যোগ্যতাঃ

ক্রমিক	পরামর্শক প্রতিষ্ঠান ও পরামর্শক প্রতিষ্ঠানের পরামর্শক	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
১)	পরামর্শক প্রতিষ্ঠান		<ul style="list-style-type: none"> <li>গবেষণা এবং প্রকল্প পরিবীক্ষণ ও মূল্যায়ন সংক্রান্ত স্টাডি পরিচালনায় ন্যূনতম ০৩(তিন) বছরের অভিজ্ঞতা।</li> </ul>
২)	ক) টিম লিডার	স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে এনিমেল ব্রেডিং অ্যান্ড জেনিটিক্স বিষয়ে স্নাতকোত্তরসহ পিএইচডি ডিগ্রীধারী	<ul style="list-style-type: none"> <li>এনিমেল ব্রেডিং অ্যান্ড জেনিটিক্স বিষয়ে ১০ (দশ) বছরের অভিজ্ঞতা;</li> <li>টিম লিডার হিসেবে কাজ করার অভিজ্ঞতা ;</li> <li>কম্পিউটার বিষয়ে ব্যবহারিক জ্ঞান এবং</li> <li>প্রতিবেদন উপস্থাপনায় বিশেষ দক্ষতা।</li> </ul>
	খ) প্রাণী স্বাস্থ্য বিশেষজ্ঞ	স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে ভেটেরিনারি সায়েন্স - এ স্নাতকোত্তর ডিগ্রীধারী	<ul style="list-style-type: none"> <li>প্রাণী স্বাস্থ্য ও পুষ্টি বিষয়ে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা।</li> </ul>
	গ) আর্থ-সামাজিক বিশেষজ্ঞ	স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে অর্থনীতি/কৃষি অর্থনীতি/ সমাজবিজ্ঞান /সমাজকল্যাণ/সমাজকর্ম বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রীধারী	<ul style="list-style-type: none"> <li>সংশ্লিষ্ট বিষয়ের ০৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা।</li> </ul>
	ঘ) পরিসংখ্যানবিদ	স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে পরিসংখ্যান/ ফলিত পরিসংখ্যান বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী	<ul style="list-style-type: none"> <li>তথ্য সংগ্রহ, ব্যবস্থাপনা ও বিশ্লেষণে ০৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা;</li> <li>প্রতিবেদন প্রণয়ন ও উপস্থাপনায় দক্ষতা; এবং</li> <li>কম্পিউটার বিষয়ে ব্যবহারিক জ্ঞান।</li> </ul>

১১. নিম্নলিখিত প্রতিবেদনসমূহ দাখিল করতে হবেঃ

ক্র নং	প্রতিবেদনের নাম	দাখিলের সময়
১.	ইনসেপশন রিপোর্ট	চুক্তি সম্পাদনের ১৫ দিনের মধ্যে
২.	১ম খসড়া প্রতিবেদন	চুক্তি সম্পাদনের ৭৫ দিনের মধ্যে
৩.	২য় খসড়া প্রতিবেদন	চুক্তি সম্পাদনের ৯০ দিনের মধ্যে
৪.	চূড়ান্ত প্রতিবেদন (বাংলায় ৪০ কপি ও ইংরেজীতে ২০ কপি)	চুক্তি সম্পাদনের ১০০ দিনের মধ্যে

১২. ক্লায়েন্ট কর্তৃক প্রদেয়:

- প্রকল্প দলিল ও প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিবেদন (যেমন: আইএমইডি-০৫ প্রতিবেদন);
- বিভিন্ন স্টেকহোল্ডারের সাথে যোগাযোগের জন্য প্রয়োজনীয় সহযোগিতা প্রদান।